# পরিকল্পনা বিভাগের আওতায় ২০১৪-১৫ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

| ক্র:নং | মন্ত্রণালয়/বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১) | পরিকল্পনা বিভাগ | ০১ | ০১ | - | - | ০১ | - | সর্বনিম্ন-৫৭.১২% সর্বোচ্চ-৫৭.১২% | - | সর্বনিম্ন-৪২.১১% সর্বোচ্চ-৪২.১১% |

**১.০ সমাপ্ত প্রকল্পের সংখ্যা :** ২০১৪-১৫ অর্থ বছরের এডিপিতে পরিকল্পনা বিভাগের বিপরীতে অন্তর্ভুক্ত ০১ (এক)টি প্রকল্প সমাপ্ত হয়েছে।

**২.০ সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ :** বাস্তবায়ন পর্যায়ে কতিপয় অংগের কার্যক্রম অসমাপ্ত থাকায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ঘটে।

**৩.০ সমাপ্তকৃত** প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে **প্রধান প্রধান** সমস্যা ও সুপারিশ :

| **সমস্যা** | **সুপারিশ** |
|---|---|
| **প্রকল্পের নামঃ "পরিকল্পনা কমিশন/বিভাগের কর্মক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়) প্রকল্প" শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প** | |
| ৩.১) পরিকল্পনা বিভাগ/কমিশনের বিভিন্ন বিভাগ /সেক্টরের কর্মক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন মডেলের ৫৫টি ফটোকপিয়া র মেশিন , ১৩০টি কম্পিউটার , ৭০টি প্রিন্টার , ০২টি নেটওয়ার্ক প্রিন্টার , ১৪৫টি ইউপিএস, ০২টি এসি , ২০টি ফ্যাক্স মেশিন , ২৫টি ভল্টেজএসটাবলাইজার, ১৫টি স্ক্যানার বিতরণ করার রেকর্ড প্রকল্প অফিসে পাওয়া যায়; | ৩.১) সময় বৃদ্ধির সাথে সাথে কিছু কিছু খাতের ব্যয় (যেমন জনবলের বেতন ভাতা, যানবাহন মেরামত/ পরিচালন ইত্যাদি) বৃদ্ধি পায়। মূল প্রকল্পটি ৫ বছর ৩ মাস মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ৩ বছর মেয়াদ বৃদ্ধি করে মোট ৮ বছর ৩ মাস চলমান থাকে। অত্যাবশ্যকীয় না হলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সং স্কৃতি পরিহার করা বাঞ্চনীয় (অনুচ্ছেদ-১৫.৮); |
| ৩.২) প্রকল্পের তথ্য অনুযায়ী পরিকল্পনা বিভাগ/কমিশনে ব্যবহৃত আইট সামগ্রী সচল করার লক্ষ্যে বিভিন্ন মডেলের প্রিন্টারের ৪০৭টি টোনার /কালি, বিভিন্ন মডেলের ফটোকপি মেশিনের জন্য ২১১টি কার্টিজ/টোনার, ৪২০টি পেনড্রাইভ, ৫০টি মাউস, ৩০টি কি-বোর্ড এবং বি ভিন্ন খুচরা যন্ত্রাংশ বিতরণ করা হয়েছে; | ৩.২) সরবরাহকৃত ফটোকপিয়ার মেশিন , কম্পিউটার, প্রিন্টার, নেটওয়ার্ক প্রিন্টার , ইউপিএস, এসি, ফ্যাক্স মেশিন, ভল্টেজ স্টেবলাইজার , স্ক্যানার ইত্যাদি র মেরামত ও প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ পরিকল্পনা বিভাগ কর্তৃক নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ-১৫.৩); |
| ৩.৩) পরিকল্পনা বিভাগ/কমিশনের বিভিন্ন সেক্টরে ব্যবহৃত ১২০টি ফটোকপিয়ার, ৩৫০টি কম্পিউটার ও ২০০টি প্রিন্টার সচল রাখার জন্য আইটি মেরামতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে সার্ভিসিং এবং মেরামত সেবা প্রদান করা হয়; | ৩.৩) প্রকল্পের আওতায় সৃষ্ট সকল আইটি সুযোগ-সুবিধা টেকসই করার জন্য রাজস্ব খাতে স্থায়ী সহায়ক লোকবল নিয়োগসহ প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ-১৫.৩); |
| ৩.৪) বিভিন্ন বিভাগ /সেক্টরে ব্যবহারের জন্য ৫০টি কম্পিউটার টেবিল ও ৫০টি কম্পিউটার চেয়ার | ৩.৪) প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসু করার লক্ষ্যে ভবিষ্যতে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার |

| সমস্যা | সুপারিশ |
|---|---|
| সরবরাহ করার তথ্য প্রকল্প অফিসে পাওয়া যায়; | করা এবং প্রকল্পের জন্য পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা বাঞ্চনীয় হবে (অনুচ্ছেদ-১২.০); |
| ৩.৫) স্বাধীনতার পর গৃহীত সকল পঞ্চ -বার্ষিক পরিকল্পনা, মূল্যায়ন প্রতি বেদন, উন্নয়ন সম্পর্কিত আইন ও নীতিমালা স্থায়ীভাবে সংরক্ষনের জন্য স্কানপূবর্ক ডাটাবেজ করা হয়েছে এবং পঞ্চ-বার্ষিক পরিকল্পনাসহ গুরুত্বপূর্ণ প্রতিবেদন পরিকল্পনা কমিশন/বিভাগের ওয়েবসাইটে (www.plancomm.gov.bd) অন্তর্ভূক্ত করা হয়েছে । এছাড়া পরিকল্পনা কমিশনের লাইব্রেরিতে প্রায় ১৫ হাজার বই এর ক্যাটালগ এর ডাটাবেইজ করা হয়েছে; | ৩.৫) সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নকালে প্রশাসনিক মন্ত্রণালয়ের মনিটরিং জোরদার করতে হবে (অনুচ্ছেদ-১৫.৮); ৩.১) টিপিপি এবং প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে বর্ণিত কতিপয় অংগের প্রাক্কলিত ব্যয়ের মধ্যে যে অসংগতি পরিলক্ষিত হয়েছে সে বিষয়ে কারণ ও যুক্তিসহ প্রকল্প কর্তৃপক্ষ যথাযথ ব্যাখ্যা প্রদান করতে পারে। |
| ৩.৬) প্রকল্পের প্রায় মোট ব্যয়ের ২২% টাকা প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা খাতে ব্যয় হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য যে ধরন এবং যে সংখ্যক জনবল নিয়োগ করা প্রয়োজন ছিল তা করা হয়নি মর্মে প্রতীয়মান হয়, যেমন-প্রকল্পে হার্ডওয়ার টেকনিশিয়ান এর পদ সৃষ্টি করা হলেও কোন সফটওয়ার টেকনিশিয়ানের পদ সৃষ্টি করা হয়নি। ফলে কম্পিউটার/ফটোকপিয়ার বা অন্যান্য আইটি সম্পর্কিত মেশিনের সফটওয়্যারজণিত সমস্যাগুলো সমাধানের জন্য বাহির থেকে সাহায্য নিতে হয়েছে। | |
| ৩.৭) প্রকল্প চলাকালীন প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে পরিকল্পনা বিভাগ হতে কোন পর্যায়ের কর্মকর্তা কখনই প্রকল্পটি পরিদর্শন করেনি। | |
| ৩.৮) প্রকল্পটির দীর্ঘ সময় অর্থাৎ ৮ বছর ৩ মাস মেয়াদে বাস্তবায়িত হয়েছে। এ জাতীয় প্রকল্পের মেয়াদ ২/৩ বছর হওয়া বাঞ্চনীয়। | |

## পরিকল্পনা কমিশন/বিভাগের কর্মক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)শীর্ষক প্রকল্পের সমাপ্তি মুল্যায়ন প্রতিবেদন

**( সমাপ্ত : জুন, ২০১৫)**

| | | | |
|---|---|---|---|
| **১.০** | **প্রকল্পের নাম** | : | পরিকল্পনা কমিশন/বিভাগের কর্মক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়) প্রকল্প |
| **২.০** | **বস্তিবায়নকারী সংস্থা** | : | পরিকল্পনা বিভাগ |
| **৩.০** | **প্রশাসনিক মন্ত্রণালয়** | : | পরিকল্পনা বিভাগ,পরিকল্পনা মন্ত্রণালয় |
| **৪.০** | **প্রকল্পের অবস্থান** | : | পরিকল্পনাকমিশনচত্বর, শেরে বাংলানগর, ঢাকা। |
| **৫.০** | **প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়** | : | |

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ব্যয় | | প্রকৃত ব্যয় | অনুমোদিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৪০০.০০ | ৫৮১.৪০ | ৫৬৮.৪২ | মার্চ, ২০০৭ থেকে জুন, ২০১২ | মার্চ, ২০০৭ থেকে জুন, ২০১৫ | মার্চ, ২০০৭ থেকে জুন, ২০১৫ | ১৬৮.৪২ (৪২.১১%) | ৩ বছর (৫৭.১২%) |

**৬.০ সাধারণপর্যবেক্ষণ**

**৬.১ প্রকল্পের উদ্দেশ্য:**

(১) তথ্য প্রযুক্তির অগ্রগতির সাথে সামঞ্জস্য রেখে পরিকল্পনা বিভাগ/কমিশনের জন্য কম্পিউটার ও অন্যান্য ইলেক্ট্রনিক অফিস যন্ত্রাদি ক্রয় ও ব্যবহারের মাধ্যমে পেশাগত দক্ষতা বাড়ানো ;

(২) পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল আইটি সংক্রান্ত যন্ত্রাদির উন্নয়ন, আধুনিকায়ন ও মেরামত ; এবং

(৩) বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ রাখার উদ্দেশ্যে পরিকল্পনা কমিশন/বিভাগের ওয়েবসাইটের আইটি লাইব্রেরীর উন্নয়ন।

**৬.২ প্রকল্পের পটভূমি:**

পরিকল্পনা কমিশন দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রস্তাবিত উন্নয়ন প্রকল্প অনুমোদনের ব্যবস্থা গ্রহণ পরিকল্পনা কমিশনের অন্যতম প্রকল্প দায়িত্ব। পরিকল্পনা বিভাগ কর্তৃক জাতীয় অর্থনৈতিক পরিষদ, জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি এবং পরিকল্পনা কমিশনের সাচিবিক সেবা প্রদান করে। উক্ত কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য “পরিকল্পনা কমিশন/বিভাগের কর্মদক্ষতা বৃদ্ধিকরণ” শীর্ষক একটি প্রকল্প জুলাই/১৯৯৮ হতে জুন/২০০৬ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। পরিকল্পনা বিভাগ/কমিশনের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে “পরিকল্পনা কমিশন/বিভাগের কর্মক্ষমতা বৃদ্ধিকরণ (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়।

**৬.৩ প্রকল্পের মূল কার্যক্রমঃ**

প্রকল্পেরমূল কম্পোনেন্টনিম্নেউল্লেখকরাহলোঃ

| ক্রমিক | আইটেম | পরিমান |
|---|---|---|
| ১. | ভোল্টেজ স্টাবাইজার | ২৫ |
| ২. | ফটোকপিয়ার মেশিন | ৫৫ |
| ৩. | পারসোনাল কম্পিউটার | ১৩০ |
| ৪. | নেটওয়ার্ক লেজার প্রিন্টার | ০২ |

| ক্রমিক | আইটেম | পরিমান |
|---|---|---|
| ৫. | লেজার প্রিন্টার (লাইট ডিউটি) | ৭০ |
| ৬. | ইউপিএস | ১৪৫ |
| ৭. | স্ক্যানার | ১৫ |
| ৮. | মাইক্রোবাস | ০১ |
| ৯. | আইটি এন্ড অফিস ইক্যুইপমেন্ট | থোক |
| ১০. | স্প্লিট টাইপ অব এয়ার কন্ডিশন | ০২ |
| ১১. | অফিস ইক্যুইপমেন্ট ওয়াটার পুরিফায়ার | ০৪ |
| ১২. | ফার্নিচার এন্ড ফিটিংস | থোক |
| ১৩. | টেলি কমিউনিকেশন এক্সেসরিজ | ২০ |

**৭.০ প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতি (প্রাপ্ত পিসিআর ও প্রকল্পের তথ্য অনুসারে) :**

(লক্ষ টাকায়)

| অনুমোদিত ডিপিপি অনুযায়ী অঙ্গ/আইটেম | | অনুমোদিত আরডিপিপি অনুযায়ী অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা | | অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | পরিমাণ | প্রাক্কলিত ব্যয় | ভৌত পরিমান | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১) | পারসোনাল কম্পিউটার | ১৩০ | ৬৯.৯৪ | ১৩০ | ৬৯.৯৪ (১০০%) |
| ২) | ভোল্টেজ স্টাবাইজার | ২৫ | ১.৬২ | ২৫ | ১.৬২ (১০০%) |
| ৩) | স্প্লিট টাইপ অব এয়ার কন্ডিশন | ০২ | ৩.৪৩ | ০২ | ৩.৪৩ (১০০%) |
| ৪) | ফটোকপিয়ার মেশিন | ৫৫ | ৮৬.৯২ | ৫৫ | ৮৬.৮৬ (১০০%) |
| ৫) | মাইক্রোবাস | ০১ | ১৭.২৫ | ০১ | ১৭.২৫ (১০০%) |
| ৬) | নেটওয়ার্ক লেজার প্রিন্টার | ০২ | ০.৭০ | ০২ | ০.৭০ (১০০%) |
| ৭) | লেজার প্রিন্টার (লাইট ডিউটি) | ৭০ | ১৯.৫১ | ৭০ | ১৯.৫১ (১০০%) |
| ৮) | ইউপিএস | ১৪৫ | ১০.৯৮ | ১৪৫ | ১০.৯৮ (১০০%) |
| ৯) | স্ক্যানার | ১৫ | ২.৮৪ | ১৫ | ২.৮৪ (১০০%) |
| ১০) | আইটি এন্ড অফিস ইক্যুইপমেন্ট | থোক | ৪.৮০ | থোক | ৪.৮০ (১০০%) |
| ১১) | অফিস ইক্যুইপমেন্ট ওয়াটার পুরিফায়ার | ০৪ | ১.২০ | ০৪ | ১.২০ (১০০%) |
| ১২) | ফার্নিচার এন্ড ফিটিংস | থোক | ৮.২৪ | থোক | ৮.২৪ (১০০%) |
| ১৩) | টেলি কমিউনিকেশন এক্সেসরিজ | ২০ | ৩.২৮ | ২০ | ৩.২৮ (১০০%) |
| ১৪) | ইলেকট্রিক্যাল ইন্সটলেশন | থোক | ০.৬৩ | থোক | ০.৬৩ (১০০%) |
| ১৫) | ক্যাপিটাল ব্লক এলোকেশন | থোক | ৪.৯৯ | থোক | ৪.৯৯ (১০০%) |

**৮.০** প্রকল্পের সংশোধিত ডিপিপিতে বরাদ্দ, এডিপি বরাদ্দ, অবমুক্তি এবং ব্যয়ের চিত্র ( প্রাপ্ত পিসিআর ও প্রকল্প তথ্য অনুসারে):

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | সংশোধিত ডিপিপিতে সংস্থান | সংশোধিত এডিপি বরাদ্দ | অবমুক্তি | ব্যয় |
|---|---|---|---|---|
| ২০০৬-০৭ | ৫.০০ | ৫.০০ | ৫.০০ | ৪.১৭ |
| ২০০৭-০৮ | ৭৫.০০ | ৭৫.০০ | ৭৫.০০ | ৬৮.১১ |
| ২০০৮-০৯ | ৭৫.০০ | ৭৫.০০ | ৬২.২০ | ৫৭.৪৪ |
| ২০০৯-১০ | ৬৬.০০ | ৬৬.০০ | ৫২.০০ | ৫১.১৯ |
| ২০১০-১১ | ৬৮.৫০ | ৬৮.৫০ | ৬৮.৫০ | ৬৮.৪১ |
| ২০১১-১২ | ৪৬.০০ | ৪৬.০০ | ৪৬.০০ | ৪৫.৭৩ |
| ২০১২-১৩ | ১৩৪.০০ | ১৩৪.০০ | ১৩৪.০০ | ১২২.২৭ |
| ২০১৩-১৪ | ৭৮.০০ | ৭৮.০০ | ৭৮.০০ | ৭৫.৩৩ |
| ২০১৪-১৫ | ৮৮.৭৬ | ৮৮.৭৬ | ৭৮.০০ | ৭৫.৭৭ |
| **মোট=** | **৬৩৬.২৬** | **৬৩৬.২৬** | **৫৯৮.৭০** | **৫৬৮.৪২** |

**৯.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** প্রকল্পের প্রয়োজনীয় কোন অংগের কাজ অসমাপ্ত নেই।

**১০.০ প্রকল্পেরপ্রধান প্রধান ক্রয় কার্যক্রম** (প্রাপ্ত পিসিআর ও প্রকল্প অফিসের তথ্য অনুসারে):

| অর্থ বছর | প্যাকেজ নং | দরপত্র ডকুমেন্ট অনুযায়ী প্রকিউরমেন্টের বর্ণনা | দরপত্র মূল্য (লক্ষ টাকায়) | | দরপত্র | | কাজ সমাপ্তির তারিখ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | প্রাক্কলিত মূল্য | চুক্তিমূল্য | দরপত্র আহবানের তারিখ | চুক্তি সম্পাদনের তারিখ | চুক্তি অনুযায়ী | বাস্তবে |
| ২০০৭-০৮ | PGrp-১ | ০১টি মাইক্রোবাস ক্রয় মিটস্যুভিসি, এল৩০, মডেল-এপি-১৩, ২০০০সিসি | ১৮.০০ | ১৭.২৫ | ০৩.০৪.২০০৮ | ০৭.০৫.২০০৮ | ৩১.০৫.২০০৮ | ২০.০৫.২০০৮ |
| ২০০৮-০৯ | PGrp-১ | ওটিএম পদ্বতিতে ২০টি কম্পিউটার ক্রয় (ব্রান্ড-ডেল, মডেল-অপটিপ্লেক্স ৭৬০ এমটি) | ১০.৫০ | ১০.১৭ | ১৬.০৮.২০০৯ | ১৫.১০.২০০৯ | ৩১.১২.২০০৯ | ২১.১২.২০০৯ |
| | PGrp-২ | ওটিএম পদ্বতিতে ০৭টি ফটোকপিয়ার মেশিন ক্রয় (কনিকা মিনলটা সাদা -কালো, মডেল-বিজহাব-১৯৫) | ১০.০০ | ৯.৮৯ | ১৬.০৮.২০০৯ | ১৫.১০.২০০৯ | ৩১.১২.২০০৯ | ১৭.১২.২০০৯ |
| ২০০৯-১০ | PGrp-৩ | ওটিএম পদ্বতিতে ০৫টি প্রিন্টার ও ১৫টি ইউপিএস ক্রয় | ৩.০০ | ২.৬৭ | ২১.০১.২০১০ | ২৫.০২.২০১০ | ৩১.০৫.২০১০ | ২৬.০৫.২০১০ |
| ২০১০-১১ | PGrp-১ | ওটিএম পদ্বতিতে ২০টি কম্পিউটার ক্রয় | ১১.৫০ | ১১.১৬ | ৩.১১.২০১০ | ০৩.০১.২০১১ | ০৩.০২.২০১১ | ২০.০১.২০১১ |
| | PGrp-২ | ওটিএম পদ্বতিতে ০৮টি ফটোকপিয়ার ক্রয় | ১০.৫০ | ১০.১২ | ৩.১১.২০১০ | ০৪.০১.২০১১ | ০৩.০২.২০১১ | ২০.০১.২০১১ |
| | PGrp-৩ | ওটিএম পদ্বতিতে ১৪টি প্রিন্টার মেশিন ক্রয় | ৫.০০ | ৪.৪৭ | ২২.০৯.২০১০ | ১৯.১০.২০১০ | ৩০.১১.২০১০ | ২৭.১০.২০১০ |
| | PGrp-৪ | আরএফকিউ পদ্বতিতে ৩০টি ইউপিএস ক্রয় | ২.৩০ | ২.২২ | ১৪.০২.২০১১ | ৬.০৩.২০১১ | ৩১.০৩.২০১১ | ২৫.০৩.২০১১ |
| ২০১১-১২ | PGrp-১ | আরএফকিউ পদ্বতিতে ০৪টি ফটোস্ক্যানার মেশিন ক্রয় | ০.৭৫ | ০.৭১ | ৪.৯.১১ | ২৬.৯.১১ | ৮.১০.১১ | ২.১০.১১ |
| | PGrp-২ | আরএফকিউ পদ্বতিতে ২০টি ইন্টারনেট সিকিউরিটি-এ্যন্টিভাইরাস সিডি (থ্রিইউজার) ক্রয় | ০.৬০ | ০.৫৫৫ | ১২.০৪.১১ | ২৬.০৪.১১ | ৩০.০৪.১১ | ২৭.০৪.১১ |
| | PGrp-৩ | আরএফকিউ পদ্বতিতে ২০টি কম্পিউটার সিপিইউ ও ২৫টি প্রিন্টার মেরামত | ১.০০ | ০.৯৯৫ | ১২.০৪.১১ | ০২.০৩.১১ | ৩১.০৫.১১ | ২৫.০৫.১১ |
| ২০১২-১৩ | PGrp-১ | ওটিএম পদ্বতিতে ১২টি ফটোকপিয়ার মেশিন ক্রয় (মঢডল-বিজহাব-১৯৫)-ওটিএম পদ্বতিতে | ২০.০০ | ১৮.৯৬ | ২৩.০৯.২০১২ | ১২.১১.২০১২ | ৩১.০১.২০১৩ | ০৩.১২.২০১২ |
| | PGrp-২ | ওটিএম পদ্বতিতে ৩০টি কম্পিউটার ক্র য় (এইচপি-প্রো-৩৩০ এমটি)- | ১৬.০০ | ১৫.৬০ | ২৯.০৮.২০১২ | ৬.১১.১২ | ৩১.০১.১৩ | ২৭.১২.১২ |
| | PGrp-৩ | ১৫টি লেজার প্রিন্টার ক্রয় (এইচপি- পি ২০৩৫) | ৩.৫০ | ৩.২৩ | ২৯.০৮.১২ | ৬.১১.১২ | ৩১.১.১৩ | ১০.০১.১৩ |
| | PGrp-ক | ওটিএম পদ্বতিতে ২০টি ইউপিএস ক্রয়- (ক্যাপাসিটি ১২০০ভি.এ) | ২.৭০ | ২.৫৩ | ১১.০২.২০১৩ | ১৮.০৩.২০১৩ | ৩১.০৩.২০১৩ | ২৭.০৩.২০১৩ |

| অর্থ বছর | প্যাকেজ নং | দরপত্র ডকুমেন্ট অনুযায়ী প্রকিউরমেন্টের বর্ণনা | দরপত্র মূল্য (লক্ষ টাকায়) | | দরপত্র | | কাজ সমাপ্তির তারিখ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | প্রাক্কলিত মূল্য | চুক্তিমূল্য | দরপত্র আহবানের তারিখ | চুক্তি সম্পাদনের তারিখ | চুক্তি অনুযায়ী | বাস্তবে |
| | PGrp-খ | ওটিএম পদ্বতিতে বিভিন্ন মডেলের ৪১টি প্রিন্টারের টোনার ক্রয় (ওটিএম পদ্বতিতে) | ৩.৫৫ | ৩.৫৪ | ১১.০২.২০১৩ | ১৮.০৩.২০১৩ | ৩১.০৩.২০১৩ | ২৭.০৩.২০১৩ |
| | | ওটিএম পদ্বতিতে ১৩টি ফটোকফিয়ারের টোনার ক্রয় | ০.৮০ | ০.৭৬ | ১১.০২.২০১৩ | ১৮.০৩.২০১৩ | ৩১.০৩.২০১৩ | ২৭.০৩.২০১৩ |
| | | ওটিএম পদ্বতিতে ২৪টি ইলেক্ট্রিক সামগ্রী ক্রয় | ০.৬৫ | ০.৬৩ | ১১.০২.২০১৩ | ১৮.০৩.২০১৩ | ৩১.০৩.২০১৩ | ২৭.০৩.২০১৩ |
| | PGrp-গ | আরএফকিউ পদ্বতিতে ০৫টি কম্পিউটার সিপিউ ও ০৫টি প্রিন্টারর খুচরা যন্ত্রাংশ সংযোজনসহ মেরামত | ১.২৫ | ১.১২ | ২০.০৯.২০১২ | ০১.১০.২০১২ | ৩১.১০.২০১২ | ০৫.১১.২০১২ |
| ২০১৩-১৪ | PGrp-১ | ওটিএম পদ্বতিতে ০৬টি ফটোকপিয়ার মেশিন ও ২০টি ভোল্টেজএসটাবলাইজার ক্রয় | ১২.০০ | ১১.৪৬ | ০১/১০/২০১৩ | ১২.১১.২০১৩ | ২০/১২/২০১৩ | ১৮.১১.২০১৩ |
| | PGrp-২ | ২০টি ইউপিএস ক্রয় | ২.৭৫ | ২.৫২৬ | ১১.০২.২০১৩ | ০৮.০৩.১৩ | ৩১.০৩.১৩ | ২৮.০৩.১৩ |
| | PGrp-৩ | ওটিএম পদ্ব তিতে আসবাবপত্র ক্রয় - কম্পিউটার টেবিল, চেয়ার, অফিস টেবিল , অফিস চেয়ার, ফাইলকেবিনেট-মোট ৩০টি। | ৪.২০ | ৪.০৯ | ১১.০২.২০১৩ | ০৮.০৩.১৩ | ৩১.০৩.১৩ | ২৫.০৩.১৩ |
| | PGrp-৪ | ৪১টি বিভিন্ন মডেলের প্রিন্টার টোনার ক্রয় | ৩.৭৫ | ৩.৫৩৯ | ১১.০২.২০১৩ | ০৮.০৩.১৩ | ৩১.০৩.১৩ | ২০.০৩.১৩ |
| | PGrp-৫ | ১৩টি বিভিন্ন মডেলের ফটোকপিয়ার কার্টিজ ক্রয় | ০.৮০ | ০.৭৫৮ | ১১.০২.২০১৩ | ০৮.০৩.১৩ | ৩১.০৩.১৩ | ২০.০৩.১৩ |
| | PGrp-৬ | ১২টি ফটোকপিয়ার মেরামত | ২.০০ | ১.৮৭৪ | ১১.০২.২০১৩ | ০৮.০৩.১৩ | ৩০.০৪.১৩ | ৩১.০৩.১৩ |
| | | ১৪টি কম্পিউটার সিপিইউ মেরামত | ১.০০ | ০.৯৮৫ | ১১.০২.২০১৩ | ০৮.০৩.১৩ | ৩০.০৪.১৩ | ৩১.০৩.১৩ |
| ২০১৩-১৪ | PGrp-৭ | ১০টি ফটোকপিয়ার মেশিন মেরামত ও ০৬টি টোনার ক্রয় | ২.৬৫ | ২.৬৪ | ০২.০৯.২০১৩ | ১০.০৯.২০১৩ | ৩০.০৯.২০১৩ | ১৭.০৯.২০১৩ |
| | PGrp-৮ | ০৭টি ফটোকফিয়ার মেশিন মেরামত | ২.২৫ | ২.২১ | ১৩.০৯.২০১৩ | ১৪.১০.২০১৩ | ১৫.১১.২০১৩ | ০২.১১.২০১৩ |
| ২০১৪-১৫ | PGrp-1 | ওটিএম পদ্বতিতে ১০টি কম্পিউটার ক্র য়- ( ব্রান্ড-ডেল, মডেল-অপটিপ্লেক্স এমটি৩০২০) | ৬.৫০ | ৬.৪৯ | ২৬.১২.২০১৪ | ২৬.০১.২০১৫ | ৩১.০৩.২০১৫ | ১৬.০২.১৫ |
| | PGrp-2 | ওটিএম পদ্বতিতে ০৫টি ডিজিটাল ফটোকপিয়ার মেশিন ক্রয় , মডেল-কনিকা মিনলটা -বিজহাব-২১৫ | ৭.৫০ | ৭.৪৩ | ২৯.১২.২০১৪ | ২৬.০১.১৫ | ২৫.০২.১৫ | ১৬.০২.১৫ |

**১১.০ পরিদর্শন পর্যবেক্ষণ** : গত ১৩/১১/২০১৬ তারিখে প্রকল্পটি আইএমইডি'র পরিচালক জনাব মোঃ শামীমুল হক কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জনাব মোঃ আবদুর রউফ উপস্থিত ছিলেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নে উল্লেখ করা হলোঃ

১১.১ প্রকল্পের তথ্য অনুসারে পরিকল্পনা বিভাগ/কমিশনের বিভিন্ন বিভাগ/সেক্টরের কর্মক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পের মেয়াদকালে বিভিন্ন মডেলের ৫৫টি ফটোকপিয়ার মেশিন, ১৩০টি কম্পিউটার, ৭০টি প্রিন্টার, ০২টি নেটওয়ার্ক প্রিন্টার, ১৪৫টি ইউপিএস, ০২টি এসি, ২০টি ফ্যাক্স মেশিন , ২৫টি ভল্টেজএসটাবলাইজার, ১৫টি স্ক্যানার বিতরণ করা হয়েছে। বিভিন্ন সেক্টর/বিভাগ হতে প্রাপ্ত চাহিদা যাচাই -বাছাইপূর্বক উক্ত মালামালগুলো বিতরণ করা হয়েছে বলে জানানো হয়।



ফটোকপি মেশিন

১১.২ প্রকল্পের রেকর্ড অনুযায়ী বিভিন্ন মডেলের প্রিন্টা রের জন্য ৪০৭টি টোনার/কালি, বিভিন্ন মডেলের ফটোকপিয়ার মেশিনের জন্য ২১১টি কার্টিজ/টোনার, বিভিন্ন জিবির ৪২০টি পেনড্রাইভ, ৫০টি মাউস, ৩০টি কি-বোর্ড এবং বিভিন্ন খুচরা যন্ত্রাংশ বিতরণ করা হয়েছে।

১১.৩ পরিকল্পনা বিভাগ/কমিশনের বিভিন্ন সেক্টরে ব্যবহৃত প্রায় ১২০টি ফটোকপিয়ার, ৩৫০টি কম্পিউটার ও ২০০টি প্রিন্টার সচল রা খার লক্ষ্যে আইটি মে রামতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে নিয়মিত সার্ভিসিং এবং এসকল আইট সামগ্রীর কোন যান্ত্রিক সমস্যা খা দিলে তা তাৎক্ষণিক মেরামতপূর্বক চালু রাখা র ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে প্রকল্প পরিচালক জানান।

১১.৪ পরিকল্পনা বিভাগের লাইব্রেরীকে আধুনিকায়নের লক্ষ্যে টেন্ডারের মাধ্যমে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠানের মাধ্যমে সকল গুরুত্বপূর্ণ বই ও ডকুমেন্ট সমূহ স্ক্যানপূর্বক ডাটাবেজ তৈরী করা হয়েছ্‌ বিশেষ করে, স্বাধীনতার পর সকল পঞ্চ -বার্ষিক পরিকল্পনা , মূল্যায়ন প্রতিবেদন , উন্নয়ন সম্পর্কিত আইন ও নীতিমালা স্থায়ীভাবে সংরক্ষনের জন্য স্কানপূবর্ক ডাটাবেজ করা হ য়েছে। এছাড়া প্রায় ১৫ হাজার বই এর ক্যাটালগ এর ডাটাবেইজ করা হয়েছে।


Complimentary

THE FIRST FIVE YEAR PLAN
1973–78

বাংলাদেশের ১ম পঞ্চ বার্ষিক পরিকল্পনার স্ক্যান কপি

১১.৫ ০১টি মাইক্রোবাস ক্রয় করে প্রকল্পের কাজসহ একনেক সভার জন্য ব্যবহার করা হয়েছে।

১১.৬ বিভিন্ন বিভাগ/সেক্টরে ব্যবহারের জন্য ৫০টি কম্পিউটার টেবিল ও ৫০টি কম্পিউটার চেয়ার সরবরাহ করা হয়েছে, ।

| | |
|---|---|
|  |  |
| স্টিলের আলমারি | ফাইল কেবিনেট |

১১.৭ প্রকল্পটি বাস্তবায়ন করতে মোট ৮ বছর ৩ মাস সময় লেগেছে। মূল অনুমোদিত ডিপিপিতে বাস্তবায়নকাল ছিল ৫ বছর ৩ মাস, ১ম সংশোধনের সময় বাস্তবায়নকাল আরও ৩ বছর বাড়ানো হয়।

## ১২.০ প্রকল্পপরিচালকসম্পর্কিততথ্য :

| ক্রঃ | প্রকল্প পরিচালকের নাম | পদবী | পূর্ণকালীন/ খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|---|
| ১) | জনাব ফকরুল ইসলাম | উপ-সচিব | খন্ডকালীন | ১০.০৫.২০০৭ – ২৭.০৫.২০০৮ |
| ২) | জনাব মো: আবদুর রউফ | উপ-সচিব | খন্ডকালীন | ০১.০৬.২০০৮ – ২২.১১.২০০৮ |
| ৩) | জনাব মো: আবদুর রহিম ভূইয়া | উপ-সচিব | খন্ডকালীন | ১৮.১২.২০০৮ – ১০.১২.২০০৯ |
| ৪) | জনাব মো: আবদুর রউফ | উপ-সচিব | খন্ডকালীন | ১২.০২.২০০৯ – ১৩.০৯.২০০৯ |
| ৫) | জনাব শেখ  জনাব মো: আবদুর রউফ | উপ-সচিব/ যুগ্ম-সচিব | খন্ডকালীন | ১৪.০৯.২০০৯ – ৩০.০৬.২০১৫ |

প্রকল্পটি বাস্তবায়নে মোট ৫ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেন এবং সকলেই খন্ডকালীন প্রকল্প পরিচালক ছিলেন।

## ১৩.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জন(প্রাপ্ত পিসিআরএবং প্রকল্প তথ্য অনুসারে

| লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|
| (১) তথ্য প্রযুক্তির অগ্রগতির সাথে সামঞ্জস্য রেখে পরিকল্পনা বিভাগ/কমিশনের জন্য কম্পিউটার ও অন্যান্য ইলেক্ট্রনিক অফিস যন্ত্রাদি ক্রয় ও ব্যবহারের মাধ্যমে পেশাগত দক্ষতা বাড়ানো; | তথ্য প্রযুক্তির অগ্রগতির সাথে সামঞ্জস্য রেখে পরিকল্পনা বিভাগ/কমিশনের জন্য কম্পিউটার ও অন্যান্য ইলেক্ট্রনিক অফিস যন্ত্রাদি সরবরাহ করা হয়েছে |
| (২) পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল আইটি সংক্রান্ত যন্ত্রাদির উন্নয়ন, আধুনিকায়ন ও মেরামত; | আইটি সংক্রান্ত যন্ত্রাদির উন্নয়ন, আধুনিকায়ন ও মেরামত করা হয়েছে |
| (৩) বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ স্থাপনের জন্য রাখার উদ্দেশ্যে পরিকল্পনা কমিশন/বিভাগের ওয়েবসাইটে আইটি লাইব্রেরীর উন্নয়ন; | পরিকল্পনা কমিশন/বিভাগের লাইব্রেরীর প্রায় ১৫ হাজার বই এর ক্যাটালগ এর ডাটাবেইজ করা হয়েছে। |

**১৪.০ উদ্দেশ্য পুরোপুরি অর্জন না হলে এর কারণঃ** প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

## ১৫.০ আইএমইডি’র পর্যবেক্ষণ :

১৫.১ পরিকল্পনা বিভাগ /কমিশনের বিভিন্ন বিভাগ /সেক্টরের কর্মক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন মডেলের ৫৫টি ফটোকপিয়ার মেশিন, ১৩০টি কম্পিউটার, ৭০টি প্রিন্টার, ০২টি নেটওয়ার্ক প্রিন্টার, ১৪৫টি ইউপিএস, ০২টি এসি, ২০টি ফ্যাক্স মেশিন, ২৫টি ভল্টেজএসটাবলাইজার, ১৫টি স্ক্যানার বিতরণ করার রেকর্ড প্রকল্প অফিসে পাওয়া যায়;

১৫.২ প্রকল্পের তথ্য অনুযায়ী পরিকল্পনা বিভাগ/কমিশনে ব্যবহৃত আইট সামগ্রী সচল করার লক্ষ্যে বিভিন্ন মডেলের প্রিন্টারের ৪০৭টি টোনার /কালি, বিভিন্ন মডেলের ফটোকপি মেশিনের জন্য ২১১টি কার্টিজ /টোনার, ৪২০টি পেনড্রাইভ , ৫০টি মাউস, ৩০টি কি-বোর্ড এবং বিভিন্ন খুচরা যন্ত্রাংশ বিতরণ করা হয়েছে;

১৫.৩ পরিকল্পনা বিভাগ/কমিশনের বিভিন্ন সেক্টরে ব্যবহৃত ১২০টি ফটোকপিয়ার, ৩৫০টি কম্পিউটার ও ২০০টি প্রিন্টার সচল রাখার জন্য আইটি মেরামতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে সার্ভিসিং এবং মেরামত সেবা প্রদান করা হয়;

১৫.৪ বিভিন্ন বিভাগ/সেক্টরে ব্যবহারের জন্য ৫০টি কম্পিউটার টেবিল ও ৫০টি কম্পিউটার চেয়ার সরবরাহ করার তথ্য প্রকল্প অফিসে পাওয়া যায়;

১৫.৫ স্বাধীনতার পর গৃহীত সকল পঞ্চ -বার্ষিক পরিকল্পনা , মূল্যায়ন প্র তিবেদন, উন্নয়ন সম্পর্কিত আইন ও নীতিমালা স্থায়ীভাবে সংরক্ষনের জন্য স্কানপূবর্ক ডাটাবেজ করা হয়েছে এবং পঞ্চ -বার্ষিক পরিকল্পনাসহ গুরুত্বপূর্ণ প্রতিবেদন

পরিকল্পনা কমিশন/বিভাগের ওয়েবসাইটে (www.plancomm.gov.bd) অন্তর্ভূক্ত করা হয়েছে । এছাড়া পরিকল্পনা কমিশনের লাইব্রেরিতে প্রায় ১৫ হাজার বই এর ক্যাটালগ এর ডাটাবেইজ করা হয়েছে;

১৫.৬ প্রকল্পের প্রায় মোট ব্যয়ের ২২% টাকা প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা খাতে ব্যয় হয়েছে। প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য যে ধরন এবং যে সংখ্যক জনবল নিয়োগ করা প্রয়োজন ছিল তা করা হয়নি মর্মে প্রতীয়মান হয়, যেমন-প্রকল্পে হার্ডওয়ার টেকনিশিয়ান এর পদ সৃষ্টি করা হলেও কোন সফটওয়ার টেকনিশিয়ানের পদ সৃষ্টি করা হয়নি। ফলে কম্পিউটার/ফটোকপিয়ার বা অন্যান্য আইটি সম্পর্কিত মেশিনের সফটওয়্যারজণিত সমস্যাগুলো সমাধানের জন্য বাহির থেকে সাহায্য নিতে হয়েছে।

১৫.৭ প্রকল্প চলাকালীন প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে পরিকল্পনা বিভাগ হতে কোন পর্যায়ের কর্মকর্তা কখনই প্রকল্পটি পরিদর্শন করেনি।

১৫.৮ প্রকল্পটির দীর্ঘ সময় অর্থাৎ ৮ বছর ৩ মাস মেয়াদে বাস্তবায়িত হয়েছে। এ জাতীয় প্রকল্পের মেয়াদ ২/৩ বছর হওয়া বাঞ্চনীয়।

**১৬.০ সুপারিশ :**

১৬.১ সময় বৃদ্ধির সাথে সাথে কিছু কিছু খাতের ব্যয় (যেমন জনবলের বেতন ভাতা, যানবাহন মেরামত/ পরিচালন ইত্যাদি) বৃদ্ধি পায়। মূল প্রকল্পটি ৫ বছর ৩ মাস মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ৩ বছর মেয়াদ বৃদ্ধি করে মোট ৮ বছর ৩ মাস চলমান থাকে। অত্যাবশ্যকীয় না হলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সং স্কৃতি পরিহার করা বাঞ্চনীয় (অনুচ্ছেদ-১৫.৮);

১৬.২ সরবরাহকৃত ফটোকপিয়ার মেশিন, কম্পিউটার, প্রিন্টার, নেটওয়ার্ক প্রিন্টার, ইউপিএস, এসি, ফ্যাক্স মেশিন, ভল্টেজ স্টেবলাইজার, স্ক্যানার ইত্যাদির মেরামত ও প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ পরিকল্পনা বিভাগ কর্তৃক নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ-১৫.৩);

১৬.৩ প্রকল্পের আওতায় সৃষ্ট সকল আইটি সুযোগ-সুবিধা টেকসই করার জন্য রাজস্ব খাতে স্থায়ী সহায়ক লোকবল নিয়োগসহ প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ-১৫.৩);

১৬.৪ প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসু করার লক্ষ্যে ভবিষ্যতে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করা এবং প্রকল্পের জন্য পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা বাঞ্চনীয় হবে (অনুচ্ছেদ-১২.০);

১৬.৫ সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়নের স্বার্থে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নকালে প্রশাসনিক মন্ত্রণালয়ের মনিটরিং জোরদার করতে হবে (অনুচ্ছেদ-১৫.৮);

১৬.৬ অনুচ্ছেদ ১৬.১-১৬.৫ এর আলোকে গৃহীত কার্যাবলী আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।